৬৬

দৈনিক বাংলা

তারিখ 21 MAR 1997
পৃষ্ঠা ... কলাম ...

প্রশ্ন ফাঁস খবরের বেশির ভাগই গুজব ঃ শিক্ষামন্ত্রী

# প্রশ্নপত্র ফাঁস ঃ গোয়েন্দা সংস্থা সুনির্দিষ্ট কিছু তথ্য পেয়েছে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** চলতি বছর এসএসসি পরীক্ষার প্রশ্ন ফাঁসের ব্যাপারে গতকাল বৃহস্পতিবার পর্যন্ত সুনির্দিষ্ট কোন তথ্য পাওয়া যায়নি। তবে এ ব্যাপারে কর্তৃপক্ষ বিভিন্ন পর্যায়ের প্রায় শতাধিক ব্যক্তির সাথে যোগাযোগ করেছে। এইসব ব্যক্তির মধ্যে আছেন বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কোচিং সেন্টারের মালিক, সরকারী কর্মকর্তা, ছাত্র। এদের একটি তালিকাও করা হয়েছে বলে জানা গেছে।

এদিকে বৃহস্পতিবার রাতে শিক্ষা-মন্ত্রী এইচ এস কে সাদেক প্রশ্ন ফাঁসের ঘটনাটি বেশিরভাগ গুজব বলে উল্লেখ করেছেন। এ ব্যাপারে তিনি আরো বলেন, সম্পূর্ণ পরিকল্পিতভাবে তরুণ ছাত্রদের শিক্ষাজীবন ধ্বংসের উদ্দেশ্যে এই

(৪-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## প্রশ্নপত্র ফাস ঃ গোয়েন্দা সংস্থা সুনির্দিষ্ট কিছু তথ্য

(প্রথম পৃষ্ঠার পর)

স্যাবোটাজ করা হয়েছে। তিনি বলেন, সবাই প্রশ্ন ফাঁস হয়েছে বলছেন, কিন্তু কেউ সুনির্দিষ্ট প্রমাণ দিতে পারেননি। তিনি দেশের শিক্ষা ব্যবস্থা ধ্বংসের জন্য এসব গুজব ছড়ানো হচ্ছে। তিনি এটাকে রাজনৈতিক ষড়যন্ত্র বলে উল্লেখ করেন। শিক্ষামন্ত্রী এইচ এস কে সাদেক গুজবে কান না দিয়ে বা কি পরীক্ষাগুলো সুষ্ঠু ও সুন্দরভাবে যাতে অনুষ্ঠিত হতে পারে তার জন্য সকল মহলের সহযোগিতা চেয়েছেন।

এদিকে বৃহস্পতিবারও দেশের বিভিন্ন গোয়েন্দা সংস্থা প্রশ্ন ফাঁসের ব্যাপারে সুনির্দিষ্ট তথ্য উদঘাটনে তৎপর রয়েছে। পুলিশের একজন উর্ধ্বতন কর্মকর্তা বৃহস্পতিবার রাতে দৈনিক বাংলাকে জানান, এব্যাপারে সুনির্দিষ্ট কিছু তথ্য পাওয়া গেছে যা তদন্তের স্বার্থে গোপন রাখা হয়েছে। ঐ পুলিশ কর্মকর্তা আরো বলেন, বিষয়টির পেছনে কোন বড় চক্র জড়িত। যাদের উদ্দেশ্য ব্যক্তি স্বার্থ চরিতার্থ করা।

ঢাকা শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, এডিশনাল আইজি মাহামুদ আল ফরিদ, সিআইডি এএসপি খালেকুজ্জামানসহ উচ্চ পদস্থ পুলিশ কর্মকর্তারা বিষয়টি খুঁজে বের করতে তৎপর রয়েছেন।

এদিকে বোর্ড সূত্র জানান এ ব্যাপারে যে তদন্ত কমিটি গঠিত হয়েছে সে কমিটি খুব শিগগিরই প্রশ্ন ফাঁসের ব্যাপারে একটি সুনির্দিষ্ট রিপোর্ট পেশ করবে। রিপোর্টটি আগামী সপ্তাহে প্রকাশ করা হবে।

এদিকে গত বুধবার এসএসসি পরীক্ষায় প্রশ্ন ফাঁসের অভিযোগে গ্রেফতারকৃত শাহজাহান, বিমল, মিন্টুকে দুদিনের পুলিশ রিমান্ডে এনে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। রিমান্ডে আনা ব্যক্তিরা পুলিশের কাছেও বেশ কিছু গুরুত্বপূর্ণ তথ্য প্রকাশ করেছে। আজ শুক্রবার এদের রিমান্ড শেষ হবে। সূত্র জানিয়েছে গতকাল সরকারী মুদ্রণালয় বিজি প্রেসে শিক্ষামন্ত্রী এইচ কে সাদেক, পুলিশের কর্মকর্তারা পৃথকভাবে গিয়েছেন। পুলিশ এই মুদ্রণালয়ের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গেও কথা বলেছেন। সূত্র জানিয়েছে এ ব্যাপারে শিগগিরই একটি পুলিশী তদন্ত প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট পেশ করা হবে।

এদিকে আগামীকাল শনিবার সাধারণ গণিতের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানে ব্যাপক নিরাপত্তা বিধান করা হয়েছে।

### শিক্ষা সচিবের পরীক্ষা কেন্দ্র পরিদর্শন

শিক্ষা সচিব আবদুল্লাহ হারুন পাশা বুধবার কুমিল্লার দাউদকান্দি ও চান্দিনার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র আকস্মিকভাবে পরিদর্শন করেন।

শিক্ষা সচিব এই সময় পরীক্ষা কেন্দ্রের আশপাশে সম্ভাব্য স্থানসমূহে ভুয়া প্রশ্নপত্র বিক্রি সম্পর্কে খোঁজ-খবর নেন এবং এদের থেকে সতর্ক থাকতে জনগণ ও পরীক্ষার্থীদের পরামর্শ দেন। খবর তথ্য বিবরণীর।

সচিব পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে কয়েকজন পরিদর্শকের কর্তব্যে অবহেলা সরেজমিনে দেখতে পান এবং নয়জনকে তাৎক্ষণিকভাবে দায়িত্ব থেকে অব্যাহতিদানের নির্দেশ দেন। তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। দাউদকান্দি ও চান্দিনার দুটি পরীক্ষা কেন্দ্রে অসৎ পথ অবলম্বনকারী সাতজন পরীক্ষার্থীও এই সময় বহিষ্কৃত হয়।

কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ডের চেয়ারম্যান ও সচিব এই সময় সচিবের সঙ্গে উপস্থিত ছিলেন।